গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৩.২৫.০০০০.০০০.০১০.২৫.০০০১.২৫.১২

**বিষয়: খুলনা জেলার ভ্রমণ প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: স্মারক : ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২/১১৮১; তারিখ: ১৩/০৫/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কপিরাইট আইন, ২০২৩ অনুযায়ী বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে বই জমাদান এবং মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN ব্যবহার নিশ্চিতকল্পে সচেতনতামূলক কর্মশালায় অংশগ্রহণের উদ্দেশ্যে অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খন্দকার জহিরুল ইসলাম-এর নেতৃত্বে ০৬ (ছয়) সদস্যের প্রতিনিধিদল ১৬/০৫/২০২৫ হতে ১৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত খুলনা জেলা ভ্রমণ করেন। ভ্রমণ সংক্রান্ত প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২১-০৫-২০২৫
মোঃ জামাল উদ্দিন
চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৩.২৫.০০০০.০০০.০১০.২৫.০০০১.২৫.১২/১ (৬)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২। বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩। ডকুমেন্টেশন অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৪। কম্পাইলেশন অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

২১-০৫-২০২৫
মুহাম্মদ মুসলিম উদ্দিন
বিবলিওগ্রাফার

# ভ্রমণ প্রতিবেদন : খুলনা জেলা

**তারিখ : ১৬ - ১৯ মে ২০২৫**




আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# খুলনা জেলার ভ্রমণ প্রতিবেদন

কপিরাইট আইন, ২০২৩ অনুযায়ী বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে বই জমাদান এবং মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN ব্যবহার নিশ্চিতকল্পে সচেতনতামূলক কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খন্দকার জহিরুল ইসলাম-এর নেতৃত্বে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল স্মারক: ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২/১১৮১; তারিখ : ১৩/০৫/২০২৫ খ্রি. এর এক অফিস আদেশবলে ১৬/০৫/২০২৫ তারিখে খুলনা জেলা ভ্রমণ করেন। প্রতিনিধি দলের অন্যান্য সদস্যগণ হলেন :

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ জামাল উদ্দিন | চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক |
| ০২ | জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন | বিবলিওগ্রাফার |
| ০৩ | জনাব হাম্মাদুর রহমান | ডকুমেন্টশন অফিসার |
| ০৪ | জনাব বাবুল আখতার | কম্পাইলেশন অফিসার |
| ০৫ | জনাব বলরাম দে | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর |

**কর্মশালার প্রতিবেদন :** ১৮ মে ২০২৫ তারিখে খুলনা জেলার সার্কিট হাউজে **বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে বই জমাদান এবং মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN ব্যবহার** বিষয়ক কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এবং প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খন্দকার জহিরুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন খুলনা জেলা প্রশাসন সহকারী কমিশনার (লাইব্রেরি) জান্নাতুল নাঈম। অধিদপ্তরের চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক জনাব মোঃ জামাল উদ্দিন বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের লক্ষ্য-উদ্দেশ্য, কার্যাবলি, সেবা, কপিরাইট আইনে পুস্তকাদি জমাদান এবং ISBN বিষয়ে বিস্তারিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে কর্মশালায় অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন অধিদপ্তরের বিবলিওগ্রাফার জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন। এছাড়া খুলনা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) জনাব নূরুল হাই মোহাম্মদ আনাছ বক্তব্য প্রদান করেন। কর্মশালায় খুলনা অঞ্চলের প্রকাশক, লেখক, গবেষক, জেলা প্রশাসনের কর্মকর্তা, গ্রন্থাগার পেশাজীবী, সংস্কৃতিকর্মী ও শুভানুধ্যায়ীগণ তাদের মতামত ব্যক্ত করেন। সভাপতির বর্তৃতায় জেলা প্রশাসক জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এ ধরনের বুদ্ধিবৃত্তিক কর্মশালা আয়োজনের জন্য আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক ও তার সঙ্গে আগত প্রতিনিধিদলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রধান অতিথির বক্তৃতায় জনাব খন্দকার জহিরুল ইসলাম পুস্তকের ISBN এর ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রকাশক ও লেখকদেরকে অনুরোধ করেন। তিনি বাংলা একাডেমির অমর একুশে বইমেলার ন্যায় বিভাগীয় বইমেলায় ISBN ব্যতীত কাউকে স্টল বরাদ্দ না প্রদানে অনুরোধ করেন।

**সুপারিশ :** খুলনা জেলার ভ্রমণ অভিজ্ঞতার আলোকে প্রতিনিধিদল নিম্নলিখিত সুপারিশমালা পেশ করছেন:

১. ISBN সার্টিফিকেটে জাতীয় গ্রন্থাগারে জমাদানের বিষয়টি অন্তর্ভুক্ত করা।
২. পর্যায়ক্রমে প্রতিটি বিভাগ ও জেলায় অনুরূপ সচেতনতামূলক সেমিনার/কর্মশালার আয়োজন করা।
৩. বিভাগীয় বইমেলায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অংশগ্রহণের ব্যবস্থা করা।
৪. বিভাগীয় বইমেলায় ISBN ব্যতীত স্টল বরাদ্দ/বই বিক্রয় করা যাবে না মর্মে খুলনাসহ সকল বিভাগীয় জেলা প্রশাসককে পত্র প্রদান করা।
৫. জাতীয় গ্রন্থপঞ্জি অনলাইনের পাশাপাশি নিয়মিত প্রকাশ ও বিতরণের ব্যবস্থা করা।

৬. পুস্তক ও গ্রন্থাগার সামগ্রী ডিজিটাইজেশনের ক্ষেত্রে কপিরাইটের বিষয়টি পর্যালোচনা করা।
৮. জাতীয় গ্রন্থাগারের সেবা কার্যক্রমের ব্যাপক প্রচার-প্রসারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
৯. ইতিহাস-ঐতিহ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রকাশনা ইংরেজিতে অনুবাদ করার ব্যবস্থা করা।

**স্থিরচিত্রে খুলনা ভ্রমণ**

<table>
<tr><td>
</td><td></td></tr>
<tr><td>কর্মশালায় অধিদপ্তরের মহাপরিচালক খন্দকার জহিরুল ইসলাম, খুলনা জেলা প্রশাসক জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) জনাব নূরুল হাই মোহাম্মদ আনাছ।</td><td>কর্মশালায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করছেন অধিদপ্তরের চিফবিবলিওগ্রাফার/উপপরিচালক জনাব মোঃ জামাল উদ্দিন।</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td colspan="2">কর্মশালায় অংশগ্রহণকারী প্রকাশক, লেখক, গবেষক, অধিদপ্তর ও জেলা প্রশাসনের কর্মকর্তা, গ্রন্থাগার পেশাজীবী, সংস্কৃতিকর্মী ও শুভানুধ্যায়ী।</td></tr>
<tr><td>
</td><td></td></tr>
<tr><td colspan="2">বিভাগীয় গণগ্রন্থাগার, খুলনা পরদর্শন।</td></tr>
</table>

২১-০৫-২০২৫
মুহাম্মদ মুসলিম উদ্দিন
বিবলিওগ্রাফার

২১-০৫-২০২৫
মোঃ জামাল উদ্দিন
চিফ
বিবলিওগ্রাফার/উপপরিচ
ালক